

## বাংলাদেশের প্রেক্ষাপটে ইংরেজী ভাষার সমস্যা ও তার সমাধান

..... অধ্যাপিকা নিলুফার আনাম কবীর .....

(পূর্ব প্রকাশিতের পর)

অনেক সময় বড় বড় বাংলা বাক্য দেখে ভয় পেয়ে যাই যে, এটা খুবই কঠিন হবে ইংরেজী ভাষায় অনুবাদ করতে- মোটেই ধারণা সঠিক হলো না। ইংরেজী ছোট পরিসরে অনুবাদ করা হয় সাধারণত বাংলা বড় আকারের বাক্য হতে। বাংলা এক পাতা- যা ইংরেজীতে অর্ধ পাতায় দাঁড়াবে। এটা দারুণ সুবিধের ব্যাপার। ইংরেজী কেন, আমাদের পৃথিবীর অন্যান্য ভাষাও শেখা দরকার। যেমন- চাইনীজ, জাপানীজ, ফ্রেঞ্চ, হিন্দী, আরবী, উর্দু প্রশ্ন হচ্ছে কেন? কারণ নিজের তথা দেশের উন্নতির তরে। এ প্রসঙ্গে একটা ঘটনা মনে পড়ে গেল। ১৯৮৬ সালে যখন আমি বিখ্যাত University "THE UNIVERSITY OF KANSAS-এ U.S.A ইংরেজী ভাষায় উচ্চতর ডিগ্রী নিচ্ছিলাম, তখনকার একদিনের ক্লাসের ঘটনা- আমার LANGUAGE LABORATORY বলে একটি কোর্স ছিল। সেটা হলো বিভিন্ন INSTRUMENT ব্যবহার করে বৈজ্ঞানিক উপায়ে কিভাবে ইংরেজী ভাষায় সমৃদ্ধিশালী বা দক্ষতা অর্জন করা যায়। LABORATORY-তে বেশ ক'জন চাইনীজ এবং তাইওয়ানের ছাত্র-ছাত্রী আমার সম্মুখে ওদের ভাষায় কথা বলছিল। কারণ সেদিন পরীক্ষা হবার কথা। নিজেদের খুব মেধাবী মনে করেছিল, ভাল লাগল না। আমি বললাম, এটা ঠিক নয়- এটা তোমার দেশ নয়। আমেরিকায় অন্যান্য বিদেশীর সামনে ইংরেজীতে কথা বলা চাই, নইলে অন্যরা বিবর্তকর অবস্থায় পড়তে পারে আর এটা উদ্ভ্রাতাও নয়। যখন তোমরা এক হবে, তখন দেশী-দেশীরা তোমাদের ভাষায় কথা বলবে। পরীক্ষায় A পেয়ে ওদের দেখিয়ে দিলাম- এই হচ্ছে ব্যাপার। ইংরেজী ভাষা শেখার গুরুত্ব আমাদের জীবনে ব্যাপক। তাই এ ভাষা রপ্ত করার প্রয়াসে আমাদের ধৈর্য, সাহস আর মননশীলতার প্রয়াসের পরিচয় দিতে হবে। কোন কিছু ইংরেজী পড়ে, শুনে, বলে, লিখে তা বুঝতে হবে এবং অন্যকে বোঝাতে হবে। এতে ফাঁকি দেবার প্রয়াস মানে নিজের সর্বনাশ ডেকে আনা। এরপর রয়েছে GRAMMATICAL RULE অর্থাৎ ইংরেজী ব্যাকরণের ব্যাপার- যা ছাড়া গুরুত্বাবে ইংরেজী শুনা, পড়া, বলা, লিখা কিছুই সম্ভব হবে না। (ক্রমশ)

কাজেই ইংরেজী শিক্ষার প্রথম সোপান বা ধাপ হচ্ছে LISTENING SKILL-এ দক্ষতা অর্জন করা। ইংরেজী

TOPIC থেকে প্রশ্ন জিজ্ঞেস করা উচিত প্রত্যেক ছাত্র-ছাত্রীকে। এতে পরীক্ষা করা যায় গভীর মনোযোগ সহকারে ছাত্র-ছাত্রী শ্রেণীকক্ষে শিক্ষকের পাঠদান শ্রবণ করেছে কি-না। উত্তর জিজ্ঞেস করলে SPEAKING SKILL বা বলার দক্ষতার পর্যায়ও এতে এসে যায়। লিখতে দিলে WRITING SKILL বা লেখার দক্ষতার পর্যায় এসে পড়ে। ক্লাসে READING পড়তে দিলে পড়ার দক্ষতার পর্যায়ও এসে পড়ে। পড়তে দিলে পরীক্ষা করা যায় কোন ছাত্র-ছাত্রীর প্রকাশ ভঙ্গী কেমন, উচ্চারণ সঠিক হয়েছে কি-না- প্রত্যেকের প্রতি নজরের অভ্যাস ছোট থেকে বিশেষ করে অষ্টম/নবম শ্রেণী পর্যায়ে লক্ষ্য রাখতে হবে। কেবল পড়ে পরীক্ষা দিলেই ইংরেজী ভাষা শেখার পদ্ধতিকে রপ্ত করা যাবে না। পর্যালোচনায় দেখা যাচ্ছে ভাষা বিশেষ করে ইংরেজী ভাষা। সাহিত্য শেখার Process বা পদ্ধতি অনুসারে এ চার বিষয়ে দক্ষতা অনুশীলনের ব্যাপারটা বড়ই গুরুত্বপূর্ণ- ইংরেজী ভাষা ভালভাবে শ্রবণ করতে হবে, অর্থাৎ বোঝার প্রয়াস চালিয়ে যেতে হবে, ভয় পরিহার করতে হবে- লজ্জা এই ভেবে যে, ভুল হবে, ভুল করতে করতেই মানুষ শেখে। বৈজ্ঞানিকরা তাদের আবিষ্কারের প্রথম পর্যায়েই কৃতকার্যতা লাভ করেন না। কত ভুল শোধরে এরা সত্যের অনুসন্ধান লাভ করেন, পরে তা প্রত্যক্ষভাবে প্রমাণসাপেক্ষে সে আবিষ্কারকে মানব কল্যাণে ব্যবহারকল্পে এগিয়ে চলে। ইংরেজীতে কথা বলার অভ্যাস, শ্রেণীকক্ষে শিক্ষক, সহপাঠী, বাড়ীতে সর্বত্র এর চেষ্টা চালিয়ে যেতে হবে। পাঠ্যপুস্তকের বাইরে ইংরেজী ছবি বুঝতে হবে। ইংরেজী গল্প-উপন্যাসের বই, ইংরেজী সংবাদ শোনা বেতার এবং টিভি, ইংরেজী পত্রিকা পড়া- এগুলোর অনুশীলন করে ইংরেজী VOCABULARY অর্থাৎ শব্দ কোষের ভান্ডার সমৃদ্ধ করতে হবে। একই ভাবে বিভিন্নভাবে এই ভাষায় প্রকাশ করা সম্ভব। এটা বিরাট সুবিধে। এই INTERNATIONAL LANGUAGE-এ English-এর যেমন PICTURE IS FINE PICTURE IS NICE PICTURE IS BEAUTIFUL PICTURE IS FANTASTIC PICTURE IS CHARMING PICTURE IS LIVELY PICTURE IS LOVELY অর্থাৎ ছবি সুন্দর। Beauty অর্থাৎ সৌন্দর্যের শব্দের ভান্ডার কতগুলো।